

সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৪০১৮ ৬৪/ মাগাযী [যুদ্ধ] (کتاب المغازی) পরিচ্ছেদঃ ৬৪/১২. পরিচ্ছেদ নাই।

بَاب

আরবী

إِبْرَاهِيْمُ بْنُ الْمُنْذِرِ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ فُلَيْحٍ عَنْ مُوْسَى بْنِ عُقْبَةَ قَالَ ابْنُ شِهَابٍ حَدَّثَنَا أَنْسُ بْنُ مَالِكٍ أَنَّ رِجَالًا مِنَ الْأَنْصَارِ اسْتَأْذَنُوْا رَسُوْلَ اللهِ صلى الله عليه وسلم فَقَالُوا النُّنُ مُالِكٍ أَنَّ رِجَالًا مِنَ الْأَنْصَارِ اسْتَأْذَنُوْا رَسُوْلَ اللهِ صلى الله عليه وسلم فَقَالُوا النُّذَنْ لَنَا فَلْنَتْرُكُ لِابْنِ أُخْتِنَا عَبَّاسٍ فِدَاءَهُ قَالَ وَاللهِ لَا تَذَرُوْنَ مِنْهُ دِرْهَمًا.

বাংলা

৪০১৮. আনাস ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত যে, কতিপয় আনসারী সাহাবী রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট অনুমতি প্রার্থনা করলেন। তারা বললেন, আমাদেরকে আমাদের ভাগিনা 'আব্বাসের[1] ফিদ্য়া ক্ষমা করে দেয়ার অনুমতি দিন। তিনি বললেন, আল্লাহর কসম! তোমরা তার একটি দিরহামও ক্ষমা করবে না। [২৫৩৭] (আধুনিক প্রকাশনীঃ ৩৭১৯, ইসলামিক ফাউন্ডেশনঃ ৩৭২৩)

English

Narrated Anas bin Malik:

Some men of the Ansar requested Allah's Messenger (ﷺ) to allow them to see him, they said, "Allow us to forgive the ransom of our sister's son, `Abbas." The Prophet (ﷺ) said, "By Allah, you will not leave a single Dirham of it!"

ফুটনোট

[1] বাদর যুদ্ধের সময় চাচা 'আববাস কাফির অবস্থাতে মুসলিমদের হাতে বন্দী হন। তাদের শক্ত করে সারারাত বেঁধে রাখা হয়। ধর্মীয় দৃষ্টিকোণ থেকে তার প্রতি কোনরূপ সহমর্মিতা দেখাতে না পারলেও রসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম চাচার প্রতি মন্তবোধের কারণে সারারাত নিদ্রাহীনভাবে কাটিয়ে দেন। সাহাবীগণ তা বুঝতে



পেরে তার বন্ধন হালকা করে দেন এবং রসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট তার মুক্তিপণ ক্ষমা করে দেয়ার জন্য আবেদন জানান। কিন্তু তিনি স্বজনপ্রীতি না করে অন্যান্য বন্দীদের সমপরিমাণ মুক্তিপণের বিনিময়েই মুক্তি দেয়া হবে বলে স্পষ্ট জানিয়ে দেন।

'আববাসের দাদা কুরাইশ নেতা হাশেম বনী নাজ্জার গোত্রের 'আমর ইবনু উহায়হার মেয়ে সালামাহকে বিবাহ করেছিলেন। 'আববাসের দাদা হাশিম শাম দেশে বাণিজ্য করতে যাবার সময় মদীনাহেত খাযরাজ গোত্রের বানী নাজ্জার গোত্রের 'আমর ইবনে উহায়হার বাড়ীতে অবস্থান করতেন। হাশিমের 'আমর ইবনে উহায়হার মেয়ে সালামাহকে দেখে পছন্দ হলে বিবাহের প্রস্তাব দেয়। কিন্তু 'আমর ইবনু উহায়হা এই শর্তে বিবাহে রায়ী হন যে, বিবাহের পরও সালামাহ পিতৃগ্হেই অবস্থান করবে। হাশিম প্রস্তাব মেনে নিলে কুরাইশ নেতা হাশিমের সালামাহ বিনতু 'আমর এর সঙ্গে বিবাহ হয়। এবং এই সালামাহ্র গর্ভ থেকেই 'আববাসের পিতা ও আল্লাহর রাসূল সাল্লাল্লাহ্র 'আলাইহি ওয়াসাল্লাম-এর দাদা 'আবদুল মুত্তালিবের জন্ম হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন